

হেরা হতে হেলে দুলে

কাজী নজরুল ইসলাম

হেরা হতে হেলে দুলে নূরানী তনু কে আসে হায়,

সারা দুনিয়ার হেরেমের পর্দা খুলে খুলে যায়

সে যে আমার কামলিওয়ালা

কামলিওয়ালা ॥

তার ভাবে বিভোল রাঙা পায়ের তলে ॥

পর্বত জঙ্গল টলমল টলে, ॥

খোরমা খেজুর বাদাম জাফরানি ফুল ॥

ঝরে ঝরে যায়

সে যে আমার কামলিওয়ালা

কামলিওয়ালা ॥

আসমানে মেঘ চলে ছায়া দিতে,

পাহাড়ের আঁসু গলে ঝরনার পানিতে,

বিজলি চায় মালা হতে,

পূর্ণিমার চাঁদ তার মুকুট হতে চায়

সে যে আমার কামলিওয়ালা

কামলিওয়ালা ॥